সিংড়া পৌরসভা কার্যালয়

জেলা- নাটোর, বাংলাদেশ

www.singramunicipality.gov.bd

স্মারক নং: সিং-পৌর/প্রশা/২০২৬/১৬০৮

তারিখ: ১৫/১১/২৬

গণবিজ্ঞপ্তি ও জরুরি সতর্কীকরণ নোটিশ

বিষয়: সিংড়া পৌরসভার ০৫ নং ওয়ার্ডের হাট সিংড়াস্থ সিংড়া বাজার চাউল পট্টি ভবন ঝুঁকিপূর্ণ ও পরিত্যক্ত ঘোষণা প্রসঙ্গে জরুরি গণবিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিংড়া পৌরসভার ০৫ নং ওয়ার্ডের হাট সিংড়ায় অবস্থিত সিংড়া বাজার চাউল বিক্রয় ভবনটি দীর্ঘদিন পূর্বে নির্মিত হওয়ায় বর্তমানে ভবনটির বিভিন্ন স্থানে দৃশ্যমান ফাটল সৃষ্টি হয়েছে এবং ছাদের বিভিন্ন অংশের পলেস্তারা ও অন্যান্য নির্মাণসামগ্রী খসে পড়ছে। ফলে ভবনটির সার্বিক অবকাঠামোগত অবস্থা অত্যন্ত ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। এমতাবস্থায়, সিংড়া পৌরসভার প্রশাসক মহোদয় কর্তৃক প্রাথমিক সরেজমিন পরিদর্শন, যাচাই-বাছাই ও পরিস্থিতি বিশ্লেষণপূর্বক গত ০৩/১১/২০২৬ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত মাসিক সভায় সম্ভাব্য দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে ভবনটিকে ঝুঁকিপূর্ণ, ব্যবহারের অনুপযোগী ও পরিত্যক্ত হিসেবে ঘোষণা করা হয়েছে।

সুতরাং, জনসাধারণের জানমালের নিরাপত্তা নিশ্চিতকরণ এবং যেকোনো অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রদান করা হলো:

১। অদ্য তারিখ হতে উক্ত ভবনটি সম্পূর্ণরূপে পরিত্যক্ত ও ব্যবহার অনুপযোগী হিসেবে গণ্য হবে।

২। ভবনটির নিচে কোনো ধরনের ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করা যাবে না।

৩। ভবনের অভ্যন্তরে কোনো ব্যক্তি অবস্থান করতে পারবেন না এবং নতুন করে কোনো মালামাল, ব্যবসায়িক সামগ্রী রাখা যাবে না।

৪। ভবনের সকল ব্যবসায়ীকে অবিলম্বে তাঁদের ব্যবসায়িক কার্যক্রম বন্ধ করে নিজ নিজ মালামাল ও অন্যান্য সামগ্রী নিরাপদে সরিয়ে নেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো। মালামাল সরানোর ক্ষেত্রেও ভবনের ঝুঁকিপূর্ণ অংশে প্রবেশে সতর্কতা অবলম্বনের জন্য বলা হলো

৫। ভবনের আশপাশে জনসাধারণের অবাধ চলাচল, অবস্থান এবং অপ্রয়োজনীয় সমাগম সম্পূর্ণরূপে পরিহার করতে হবে।

৬। ভবনের দৃশ্যমান স্থানে এ সংক্রান্ত সতর্কীকরণ সাইনবোর্ড ও নোটিশ স্থাপন করা হবে। সংশ্লিষ্ট সকলকে এ নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।

জনস্বার্থে ও জননিরাপত্তার স্বার্থে জারিকৃত এ নির্দেশনা অমান্য করা থেকে সকলকে বিরত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আদেশক্রমে,

১৫/১১/২৬

(আব্দুল্লাহ আল রিফাত)

প্রশাসক

সিংড়া পৌরসভা, নাটোর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক, নাটোর।
২। পুলিশ সুপার, নাটোর।
৩। উপজেলা নির্বাহী অফিসার, সিংড়া, নাটোর।
৪। সহকারী কমিশনার (ভূমি), সিংড়া, নাটোর।
৫। অফিসার ইনচার্জ, সিংড়া থানা, নাটোর।
৬। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিংড়া, নাটোর।
৭। সংশ্লিষ্ট ভবনের দৃশ্যমান স্থানে সংযুক্তির জন্য (ভবনের দেয়াল/প্রবেশপথ)।
৮। সিংড়া বাজার চাউল পট্টি ভবনের সকল ব্যবসায়ী।
৯। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, সিংড়া, নাটোর।
১০। অফিস কপি।

CS Scanned with CamScanner